কালের কণ্ঠ

তারিখ 06 DEC 2015
পৃষ্ঠা ৪ কলাম 2

# ওয়ার্ল্ড ইউনিভার্সিটিতে সিএসই উৎসব

টেক প্রতিদিন ডেস্ক ▷

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশে হয়ে গেল 'চতুর্থ সিএসই ফেস্টিভাল ২০১৫'। শুক্রবার দুই দিনের এ উৎসবের উদ্বোধন করেন তথ্যপ্রযুক্তিবিদ মোস্তাফা জব্বার। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগ আয়োজিত এ উৎসবে 'বট-বল' শীর্ষক রোবো ফুটবল প্রতিযোগিতা, প্রজেক্ট শো, গেইমিং প্রতিযোগিতা, আইসিটিবিষয়ক বিতর্ক প্রতিযোগিতাসহ হালনাগাদ প্রযুক্তি ও পণ্য নিয়ে আইসিটি মেলাও অনুষ্ঠিত হয়। উৎসবের প্রথম দিনে বিভিন্ন আয়োজনের পাশাপাশি 'উইকিপিডিয়া কনট্রিবিউট টু ক্রিয়েট নলেজ', 'ডিপ ডাইভ ইনটু দ্য ওয়ার্ল্ড অব প্রোগ্রামিং' ও 'আইসিটি জার্নালিজমের অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সর্বশেষ সেমিনারে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি সাংবাদিকতার বিভিন্ন দিক নিয়ে বক্তব্য দেন প্রথম আলোর উপ-ফিচার সম্পাদক পল্লব মোহাইমেন ও বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরামের সভাপতি মুহম্মদ খান। উৎসব আয়োজনের সমন্বয়ক বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের সহকারী অধ্যাপক কাজী হাসান রবিন জানান, শিক্ষার্থীদের জানার ও শেখার আগ্রহ বাড়াতে এবং সর্বাধুনিক প্রযুক্তি ও দেশসেরা প্রযুক্তিবিদদের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দিতে এ আয়োজন। আয়োজনের সহযোগিতায় ছিল ন্যাশনাল ডিবেট ফেডারেশন (এনডিএফ), বাংলাদেশ ওপেনসোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) ও গুগল ডেভেলপার গ্রুপ (জিডিজি) বাংলা।